

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯০৯

আগরতলা, ১৫ অক্টোবর, ২০২০

রাজ্যের কারু শিল্পীদের আর্থিক মানোন্নয়নে সরকার উদ্যোগ নিয়েছে : উপমুখ্যমন্ত্রী

রাজ্যের কারু শিল্পীদের আর্থিক মানোন্নয়নে সরকার উদ্যোগ নিয়েছে। রাজ্যে উৎপাদিত বাঁশের তৈরি হস্ত শিল্পের চাহিদাও রয়েছে। এই শিল্পের বিকাশে সরকার সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে কাজ করছে। আজ লিচুবাগানস্থিত ডি সি হ্যান্ডিক্রাফটস আগরতলা কার্যালয়ে আন্তর্জাতিক কারুশিল্প দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত এক প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে তিনি আরও বলেন, এই শিল্পের উপর নির্ভর করে অনেকেই জীবিকা নির্বাহ করছেন। রাজ্যের ঐতিহ্য এই শিল্পকে বাঁচিয়ে রেখে গ্রাহকদের কাছে আরও আকর্ষণীয় করে তোলার উদ্যোগ নিতে হবে যাতে করে শিল্পীরা তাদের উৎপাদিত পণ্যের উপযুক্ত দাম পেতে পারেন। তিনি বলেন, বাঁশ ভিত্তিক এই শিল্পকে বাঁচিয়ে রাখা মানে আমাদের ঐতিহ্যের পরম্পরাকে বাঁচিয়ে রাখা। কারণ এই শিল্পের সাথে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের সম্পর্ক রয়েছে। উপমুখ্যমন্ত্রী শ্রী দেববর্মা রাজ্যে এই শিল্পকে আরও বেশি করে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে রাজ্য সরকারের পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ত্রিপুরা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস কর্পোরেশনের চেয়ারম্যান বলাই গোস্বামী, ডি সি হ্যান্ডিক্রাফটস আগরতলা কেন্দ্রের সহ অধিকর্তা পম্পা কর্মকার প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কারু শিল্পী হরিচরণ দাসকে সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানের শুরুতে উপমুখ্যমন্ত্রী বাঁশের তৈরি কারু শিল্পের প্রদর্শনী ঘুরে দেখেন। শেষে তিনি ডি সি হ্যান্ডিক্রাফটস আগরতলা কেন্দ্রের উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণ কেন্দ্রটি ঘুরে দেখেন এবং প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থীদের সাথে কথা বলেন।
